

2015

BENGALI
(Major)

Paper : 6.4

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৭=৭
- (ক) নগদ টাকার কারবার অপেক্ষা ধানের মহাজনি বেশি করেন কে ?
- (খ) “অ সোঁঅরনি, সমিধান দিয়া।” গানটি কে গেয়েছেন ?
- (গ) ‘লিগিরি’ শব্দের অর্থ লেখো।
- (ঘ) হরকলা কে ?
- (ঙ) কোন্ গাছকে প্রবীণ লোকেরা ‘সত্যযুগের ঠাকুরাণী গাছ’ বলেন ?
- (চ) ‘কারেঙর লিগিরি’ নাটকে বুঢ়াগোহাঁইয়ের কন্যা কে ?
- (ছ) “আমি কোঁঅর দরা বিচারি ফুরা নাই নহয়।” শেওয়ালিকে কে একথা বলেছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : $২ \times ৪ = ৮$

- (ক) “মোর তর্কবাগীশ পুত্র—তাই ইয়ালৈকে শাস্ত্র পড়িলি।”
বক্তা কে? তাঁর তর্কবাগীশ পুত্রের নাম কী?
- (খ) ‘কারেঙর লিগিরি’ নাটকে কে, কাকে ‘ভৈয়ামর মইনা পখী’ বলেছিল?
- (গ) নটবর ঘনশ্যাম বাঘসিংহের পুত্র সংখ্যা কত? জ্যেষ্ঠ পুত্রের নাম লেখো।
- (ঘ) “আমি ছিলাম বলে আমার খাতিরে না পাঁচজন তোকে জাতে তুলে নিল, নইলে তুই তো একেবারে কেরেস্তান হয়ে যেতিস।” কে, কাকে একথা বলেছেন?

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও (যে কোনো তিনটি) : $৫ \times ৩ = ১৫$

- (ক) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসের কাহিনি অবলম্বনে গোপী সাহুর দোকানঘরে সংঘটিত চম্পা-গোবিন্দ বৃত্তান্তটি সংক্ষেপে লেখো।
- (খ) ‘কারেঙর লিগিরি’ নাটকের কাহিনিধারায় দ্বিতীয় অঙ্কের অন্তর্গত কাজিরঙা অরণ্য-দৃশ্যটির গুরুত্ব বিশ্লেষণ করো।
- (গ) নাগা পর্বতে অনঙ্গ ও নাগা যুবকের কথোপকথন অংশের বিবরণ দিয়ে নাট্যদৃশ্যটির তাৎপর্য আলোচনা করো।
- (ঘ) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসের গোবরা জেনা চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।
- (ঙ) “ঠাকুরাণী আসিয়াছিলেন বলিয়া নিঃসন্দেহে স্থির হইল।” ‘বুড়ি মঙ্গলা’ অংশ অবলম্বনে উক্তিটির প্রাসঙ্গিক ঘটনার বিবরণ দাও।

৪। (ক) গোবিন্দপুর গ্রামে শারিআ হত্যা, নেত নামক গরু চুরি, অন্যান্য লুণ্ঠতরাজ সম্পর্কিত অভিযোগের পুলিশি তদন্ত কীভাবে এগিয়েছিল তার বর্ণনা দাও। ১০

অথবা

(খ) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাস থেকে কয়েকটি দৃষ্টান্ত দিয়ে ফকিরমোহন সেনাপতির সূক্ষ্ম রসবোধ কাহিনি বর্ণনায় কীভাবে ফুটে উঠেছে তা লেখো।

৫। (ক) জ্যোতিপ্রসাদ কীভাবে পরম্পরাগত সামাজিক মূল্যবোধের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেছিলেন তা ‘কারেঙর লিগিরি’ নাটকের প্রাসঙ্গিক দৃশ্যাবলী অবলম্বনে বুঝিয়ে দাও। ১০

অথবা

(খ) “‘কারেঙর লিগিরি’ নাটকের গানগুলোতে চরিত্র, পরিবেশ ও পরিস্থিতির এক-একটি ছবি ফুটে উঠতে দেখা যায়।” নাটকে সন্নিবিষ্ট গানগুলো বিশ্লেষণ করে মন্তব্যের সার্থকতা প্রতিপন্ন করো।

৬। (ক) পার্শ্ব চরিত্র হিসাবে ‘কারেঙর লিগিরি’ নাটকে রেবতী, সেউজী ও রুনুক-জুনুক-ঠুনুকের ভূমিকা স্পষ্ট করো। ১০

অথবা

(খ) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসে নিচুতলার মানুষের যে বাস্তব জীবনচিত্র অঙ্কিত হয়েছে তা আলোচনা করো।

★ ★ ★